



গত ১৩-১৬ ডিসেম্বর লন্ডনে অনুষ্ঠিত হয়ে গেল 'আইসিটি ফর ডি কনফারেন্স' যেখানে প্রায় ছয় শ'রেরও বেশি অংশগ্রহণকারী অংশ নেন, যার মধ্যে ১০০টির বেশি বিশ্ববিদ্যালয় থেকে আসা প্রতিনিধি, এনজিও কর্মী, গবেষক, শিক্ষার্থী, দাতা সংস্থার প্রতিনিধিসহ উন্নয়নের জন্য উদ্যোগযুক্তি নিয়ে কর্মরত নানা শ্রেণীপেশার ব্যক্তির উপস্থিতি ছিল উল্লেখযোগ্য।। অধিসহ ১০০ প্রতিনিধি বৃত্তিগ্রাহ্য। বাংলাদেশ থেকে ৭ জন অংশগ্রহণকারীর মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় ও এশিয়ান উইমেনস ইউনিভার্সিটির ২ জন শিক্ষক, ইপসা ও ডি-নেট থেকে ২ জন উন্নয়ন কর্মী, ২ জন আইসিটি সংবাদিক এবং মরহুমসিংহ কৃষি বিশ্ববিদ্যালয়ের একজন গবেষক। ছয় শ'রেরও বেশি প্রতিনিধির মধ্যে অধিই ছিল একমাত্র দুষ্টিপ্রতিনিধী ব্যক্তি। প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য আইসিটি আকসেসেবিলিটিটির বিষয়টি সফলভাবে তুলে ধরতে সক্ষম হই।

চারদিনের এ সম্মেলনে ২ দিন ছিল বিভিন্ন প্যারালল ওয়ার্কশপ, যা ছিল বিষয়বস্তুর নিক থেকে বৈচিত্র্যপূর্ণ। যেমন : আইসিটি এবং জলবায়ু পরিবর্তন, অংশগ্রহণমূলক ডিজিট, ইউরোপ ও আফ্রিকার মধ্যে অংশগ্রহণমূলক স্ট্র্যাটেজিক ওয়ার্কশপ, ডিজিটাল ইনক্লুশন, অ্যাডাপ্টিভ টেকনোলজি ইত্যাদি।

জলবায়ু সম্পর্কিত কর্মশালার উদ্দেশ্য ছিল

আইসিটি ফর ডি কনফারেন্স, লন্ডন

ডাক্তর ভট্টাচার্য, লন্ডন থেকে ক্রিয়ে

উন্নয়নশীল দেশগুলোর ইতিবাচক, নেতিবাচক নিক, আইসিটির ভূমিকা বিশ্লেষণ, জলবায়ু পরিবর্তন অ্যাডপ্টেশন, মিটিগেশন আলোচনা ও পর্যালোচনা করে একটা সুপরিশ্রমসা তৈরি করা। <http://www.niccd.org/workshop2010.htm>, <http://groups.google.co.uk/group/niccd>

হাতেকলমে অংশগ্রহণমূলক ডিজিট ও বারপের ওপর একটি কর্মশালা অনুষ্ঠিত হয়। পূর্-নির্ধারিত কিছু অংশগ্রহণকারী এ কর্মশালায় অংশ নেন। পরে এরা অংশগ্রহণমূলক কিছু ডিজিট ও প্রস্তুত করেন এবং তা প্রদর্শন করেন।

ict4d

Information and Communication Technologies for Development

দুইটি মূল প্রবন্ধ উপস্থাপিত হয়, যার মধ্যে ১টি উপস্থাপন করেন স্যার টিম বানার্ভ সি, পরিচালক, ডবি-উ-ও সি। অন্যটি উপস্থাপন করেন প্রফেসর এমেরিটাস জেফ ওয়ালশপ, ম্যানুজমেন্ট স্টাডি, ইউনিভার্সিটি অব ক্যামব্রিজ।

২০০৯-এর আইসিটি ফর ডি সম্মেলন অনুষ্ঠিত হয় কাতারের শোহাতে। ২০০৭-এ

ভারতের ব্যাংকালোরে এবং ২০০৬ সালে ক্যালিফোর্নিয়ায়।

আগামী আইসিটি সম্মেলন অনুষ্ঠিত হবে আমেরিকার জর্জিয়াতে। ২০১২ সালের মার্চ মাসে এ সম্মেলন অনুষ্ঠিত হবে। স্বাগতিক প্রতিষ্ঠান হিসেবে ন্যায় পালন করবে জর্জিয়া টেক। বাংলাদেশের একটি বড় দল নিয়ে অংশ নেয়ার জন্য এখন থেকে প্রস্তুতি নিতে হবে।

সম্মেলনে ১০০টিরও বেশি পোস্টার প্রদর্শন করা হয়। এছাড়াও ছিল বিভিন্ন প্রকল্পের ব্যক্ত প্রদর্শনী। এ সম্মেলনের একটি উল্লেখযোগ্য নিক ছিল অংশগ্রহণকারীদের মধ্যে অনলাইন আলোচনা। কনফারেন্সের আগে থেকেই আমরা অনলাইনে বিভিন্ন আলোচনায় অংশ নিই, যা অংশগ্রহণকারী প্রতিনিধিদের মধ্যে অনেক বেশি উৎসাহ উদ্দীপনার সৃষ্টি করেছে।

কিছু গুরুত্বপূর্ণ ওয়েবসাইট :

<http://www.ict4d.org.uk>

<http://unwin.wordpress.com>

<http://twitter.com/timunwin>

<http://www.thefreemiversity.eu>

চিত্রব্যাংক : washkar79@hotmail.com